মেহেরপুরে বিএনপি নেতা জাকির এর উদ্যোগে ত্রাণ বিতরণ

মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য, পিচ এম্বাসেডর জাকির হোসেন এর উদ্যোগে দুস্থ পরিবারের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার শহরের বিভিন্ন দুস্থ পরিবারের বাড়ি বাড়ি গিয়ে খাদ্য সামগ্রী তুলে দেওয়া হয়।

মেহেরপুর জেলা যুবদলের সদস্য ও ৫ নং ওয়ার্ড যুবদলের সাবেক সাধারণ সম্পাদক মো: মনিরুল ইসলাম মনি এই ত্রাণ সামগ্রী পৌঁছে দেন।

জাকির হোসেন মোবাইল ফোনে জানান, আমার এলাকার এমন কিছু পরিবার আছে যারা এই কঠিন পরিস্থিতিতে খুব কষ্টে আছে। আজ পর্যন্ত সরকারি বা অন্য কোন সংগঠন থেকে তারা কোন সহযোগীতা পাইনি।

এমন মানুষের তালিকা করে তাদের বাড়িতে খাদ্য পৌছে দেওয়ার চেষ্টা করছি।

আজ মেহেরপুর সাহজিপাড়া ও চক্রপাড়ায় বিতরণ করা হয়েছে। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত আমার পক্ষ থেকে সামর্থ্য অনুযায়ী ত্রাণ বিতরণ অব্যাহত থাকবে।

সার্বিক সহযোগিতায় ছিলেন মেহেরপুর জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু, মেহেরপুর জেলা নবীনদলের দপ্তর সম্পাদক সোহাগ আলী।

মেপ্র/এমএফআর

কুষ্টিয়ায় অসহায়দের পাশে

এসএসসি ব্যাচ ২০১৮

কুষ্টিয়ায় করোনায় সাময়িকভাবে কর্মহীন অসহায় হয়ে পড়া মানুষের পাশে দাঁড়িয়েছে এসএসসি ব্যাচ ২০১৮’র বন্ধু মহল।

গত সোমবার রাত থেকে বুধবার দুপুর পর্যন্ত রিক্সা, অটো, সাইকেল এবং মোটরসাইকেলের মাধ্যমে তারা কুষ্টিয়া শহররের ঈদগাহপাড়া, থানাপাড়া, মোল্লাতেঘরিয়া, মঙ্গলবাড়িয়া, কাস্টমস মোড়, হরিশংকরপুর, আড়ুয়াপাড়া, কয়ার বানিয়াপাড়া সহ আরো বিভিন্ন এলাকার প্রায় শতাধিক পরিবারের কর্মহীন মানুষের বাড়িতে এসব খাদ্য সামগ্রী নিজ উদ্যোগে পৌঁছে দেয় এসএসসি ব্যাচ ২০১৮’র বন্ধুরা।

তাদের এই সহয়তার মধ্যে রয়েছে চাল, ডাল, তেল, আলু, পেঁয়াজ, লবন সাবান সহ নিত্য প্রয়োজীয় পণ্য সামগ্রী।

এসএসসি ব্যাচ ২০১৮’র বন্ধু মহলের মধ্যে তাদের নিজেদের জমানো টাকা উঠিয়ে এই ত্রাণ সয়াহতা প্রদান করে বলে তারা জানিয়েছেন। এছাড়া ও এসএসসি ব্যাচ ২০১৮’র শিক্ষার্থীদের উদ্যোগে এই সহায়তা অব্যাহত থাকবে এবং পরবর্তীতে আরো বেশি মানুষের পাশে দাঁড়াবে বলেও তারা জানিয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন, এসএসসি ব্যাচ ২০১৮’র বন্ধু মহলের সামিউল রহমান, মারূফ আহমেদ, সেজান আহমেদ, রফিকুল রবিন, আরাফাত, সিহাব, গোলাম হাসিব প্রমুখ।

দামুড়হুদায় উপজেলা পরিষদের পক্ষ থেকে ত্রাণ সামগ্রী বিতরণ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলা পরিষদের পক্ষ থেকে আজ বুধবার দুপুর ১২ টার দিকে করোনা ভাইরাসে কার্পাসডাঙ্গা বাজারের বিভিন্ন ব্যাবসার সাথে জড়িত কর্মহীন হয়ে পড়া ব্যাক্তিদের মাঝে খাদ্য সামগ্রী তুলে দেন দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক

দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু।

এ সময় উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্ট, প্যানেল চেয়ারম্যান আব্দুল হাকিম, মন্টু মেম্বর, আসলাম মেম্বর, মুকুল মেম্বর, ইউপি সচিব মহিউদ্দীন, কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সভাপতি ইমদাদুল হক ইমন, যুবলীগ নেতা আব্দুস সালাম ভুট্ট, ছাত্রলীগ নেতা অপু সরকার,

সাংবাদিক আতিয়ার রহমান, শরীফ রতন, মেহেদী হাসান মিলন সাংবাদিক আশরাফুজ্জামান রনি, সাংবাদিক আজিমউদ্দিন সাংবাদিক আমিনুল ইসলাম সাংবাদিক শাকিল আহাম্মেদ প্রমুখ।

গাংনীতে কর্মহীন পরিবারের মাঝে খাদ্য সহায়তা

করোনা ভাইরাস এর প্রাদূর্ভাবের কারণে কর্মহীন পরিবারের মধ্যে খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে।

সোমবার বেলা সাড়ে ১০টার দিকে প্রয়াত সচিন্দ্র নাথ বিশ্বাসের পরিবারের সদস্যদের উদ্যোগে এ খাদ্য সহায়তা প্রদান করা হয়। প্রায় ২শ’২০ জন মুসলিম, হিন্দু, খ্রিস্টান ধর্ম’র কর্মহীন পরিবারের মধ্যে এ খাদ্য সহায়তা প্রদান করা হয়।

মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোঃ সাহিদুজ্জামান খোকন উপস্থিত থেকে এ খাদ্য সহায়থা প্রদান করেন।

এ সময় তিনি প্রয়াত সচীন্দ্র নাথ পরিবারকে ধন্যবাদ জানিয়ে বলেন, দেশের এই ক্রান্তী লগ্নে এই পরিবার ধর্ম বর্ণ নির্বিশেষে সাধ্যমত সকল কর্মহীন পরিবারের মধ্যে খাদ্য সহায়তা প্রদান করেছেন এটাকে দেখে সমাজের অন্যান্য বিত্তবান মানুষ এগিয়ে আসবেন।

এ সময় তিনি উপস্থিত সকলকেই সচেতনভাবে চলা ফেরা করার জন্য পরামর্শ দেন।

খাদ্য সহায়তা প্রদান অনুষ্ঠানে প্রয়াত সচীন্দ্র নাথ বিশ্বাসের সহ ধর্মিনী রেখা রানী বিশ্বাস, সন্তান ইসলামী বিশ্ববিদ্যালয়ের সিনিয়র টেকনিক্যাল অফিসার ড. অশোক চন্দ্র বিশ্বাসসহ পরিবারের সকলে উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় নাইটিঙ্গেল ক্রিকেট একাডেমির পক্ষ থেকে ত্রাণ বিতরণ

করোনা’র ভয়াবহতা রোধে সরকার ঘোষিত লক ডাউনে থাকা কর্মহীন দিন মুজুরদের পাশে খাদ্য সামগ্রী নিয়ে সহায়তার হাত বাড়িয়েছে চুয়াডাঙ্গা নাইটিঙ্গেল ক্রিকেট একাডেমি।

শুক্রবার বিকেল ৩ টায় চুয়াডাঙ্গার আলমডাঙ্গার প্রত্যন্ত পল্লী ভেদামারী গ্রামের কর্মহীন নারী-পুরুষ দিন মুজুরদেরকে জন প্রতি ৫ কেজি চাউল, ২ কেজি আলু, ১ কেজি ডাউল, ১ কেজি সয়াবিন তৈল, জীবানু নাশোক সাবান ও মাস্ক বিতরণ করা হয়।

চুয়াডাঙ্গা নাইটিঙ্গেল ক্রিকেট একাডেমির পরিচালক কোচ ও চুয়াডাঙ্গা প্রেস ক্লাবের সহ সাধারণ সম্পাদক সাংবাদিক ইসলাম রকিব বলেন, অনেকে শহরের প্রান্তিক জনগোষ্টিকে সহায়তা করলেও প্রত্যন্ত পল্লীতে সহায়তার পরিমান কম।

সে কারণে গ্রাম অঞ্চলের দরিদ্র জনগোষ্ঠিকে খাবার সহ নিত্য প্রয়োজনীয় জিনিস সহায়তা করা হচ্ছে।